# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 MARCH 2026** **7:45—7:55**

---

১) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য কয়েকটি আসনে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল । জালুকবারী আসনে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মনোনয়নপত্র দাখিল । কাছাড় ও শ্রীভূমি জেলায় আজ এস ইউ সি আই ( কমিউনিষ্ট ) দলের বেশ কয়েকজন প্রার্থীর মনোনয়নপত্র জমা ।

২) নির্বাচন কমিশনের বৈদ্যুতিন এবং ডিজিটেল মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সংবাদ প্রচারের ক্ষেত্রে নির্দেশনা জারী ।

৩) নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে নির্বাচন কমিশনের নিয়োজিত পর্যবেক্ষকরা ইতিমধ্যেই রাজ্যের সব জেলায় উপস্থিত

এবং

৪) সমগ্র রাজ্য তথা বরাক উপত্যকায়ও পবিত্র রমজান মাস শেষে আগামীকাল ইসলাম ধর্মাবলম্বী লোকেদের ঈদ-উল-ফিতর উদযাপন ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য আজ ক্ষমতাশীন ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) সহ কংগ্রেস , রাইজর দল , অসম জাতীয় পরিষদ , অসম গণ পরিষদ , ইউ পি পি এল , বি পি এফ সহ বেশ কয়েকটি রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেছেন ।

আজ জালুকবারী বিধানসভা আসনের প্রার্থী হিসেবে মহা সমারোহে বি জে পি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মনোনয়নপত্র দাখিল করেছেন । মনোনয়নপত্র দাখিল করার সময় তার পরিবারের সদস্য এবং গৌহাটির সাংসদ বিজুলি কলিতা মেধী , বিসিসিআই সচিব তথা রাজ্য সরকারের মহাধিবক্তা দেবজিৎ শইকীয়া

উপস্থিত ছিলেন । প্রতিকূল আবাহাওয়া সত্বেও অসংখ্য মানুষ এই মনোনয়নপত্র দাখিল মিছিলে সামিল হয়েছিলেন ।

(বাইট মুখ্যমন্ত্রী)

এদিকে জাগীরোড বিধানসভা আসনের বি জে পি প্রার্থী তথা মন্ত্রী পীযুষ হাজরিকা আজ মনোনয়নপত্র দাখিল করেন । অনুরূপভাবে মরিগাও , কোকরাঝার , চিরাং , গোলাঘাট ইত্যাদি বিধানসভা আসনে বি জে পি সহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা তাদের মনোনয়নপত্র দাখিল করেন ।

উল্লেখ্য যে আগামী ২৩ মার্চ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন

---

এদিকে এস ইউ সি আই ( কমিউনিষ্ট ) দলের পক্ষ থেকে কাছাড় জেলার শিলচর , ধলাই , বড়খলা , কাটিগড়া এবং উধারবন্দ আসনে দলের মনোনীত প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন । শিলচর বিধানসভা কেন্দ্রে দলের মনোনীত প্রার্থী ভবতোষ চক্রবর্ত্তী , ধলাই আসনে গৌরচন্দ্র দাস , উধারবন্দ আসনে দীলিপ কুমার রী , বড়খলা আসনে সম্পা দে এবং কাটিগড়া আসনে হিল্লোল ভট্টাচার্য মনোনয়নপত্র জমা দিয়েছেন । আগামী সোমবার সোনাই আসনে দলের প্রার্থী আঞ্জন কুমার চন্দ মনোনয়নপত্র জমা দেবেন ।

---

শ্রীভূমি জেলায় মনোনয়ন পত্র জমা দেবার পঞ্চম দিনে জেলার চারটি বিধানসভা আসনের মধ্যে উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের অরুনাংশু ভট্টাচার্য্য ও একজন নির্দল প্রার্থী বিনয় কৃষ্ণ রায় মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এদিকে রামকৃষ্ণ নগর তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের প্রার্থী সুরুচি রায় ও এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের সঞ্চিতা শুক্লা মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

---

নির্বাচন কমিশন বৈদ্যুতিন এবং ডিজিটেল মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সংবাদ প্রচারের ক্ষেত্রে একটি নির্দেশনা জারী করেছে । এই অনুসারে এখন থেকে নির্বাচন সংক্রান্ত যে কোন সংবাদ প্রচারের আগে রাজনৈতিক দল , প্রার্থী , ব্যক্তি ও সংস্থাকে অনুমোদন নিতে হবে । প্রত্যেক জেলায় এর জন্য গঠিত মিডিয়া সার্টিফিকেশন এবং মনিটারিং কমিটি থেকে এই অনুমোদন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে । ফলে টি ভি , রেডিও , পাবলিক ডিসপ্লে স্ক্রীন , বাল্ক এস এম এস , ভয়েস মেসেজ এবং

সামাজিক মাধ্যমের মত মঞ্চগুলিতে নির্বাচন সংক্রান্ত কোন ধরণের প্রচার তথা সংবাদ প্রচারের ক্ষেত্রে ওই কমিটির অনুমোদন বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে ।

---------------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে নিয়োজিত পর্যবেক্ষকরা ইতিমধ্যেই রাজ্যের সব জেলায় উপস্থিত হয়েছেন । এই পর্যবেক্ষকদের মধ্যে সাধারণ এবং পুলিশ পর্যবেক্ষকরাও রয়েছেন । এই পর্যবেক্ষকরা আসন্ন নির্বাচনী প্রক্রিয়া সুরক্ষিত , স্বচ্ছ এবং নিরপেক্ষতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত তথা নমিনেশন সেলের ভারপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কাছাড়ের সাতটি বিধানসভা আসনের জন্য মনোনয়ন পত্র জেলা আয়ুক্তের কার্য্যলয়ে এবং উন্নয়ন ভবনে গ্রহন করা হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে ১১৪ নম্বর লক্ষীপুর বিধানসভা আসন , ১১৫ নম্বর উধারবন্দ ও ১১৯ নম্বর সোনাই বিধানসভা আসনের প্রার্থীদের মনোনয়ন পত্র জেলা আয়ুক্তের কার্য্যলয়ের মূল ভবনে গ্রহন করা হচ্ছে । এছাড়া ১১৬ কাটিগড়া , ১১৭ বড়খলা , ১১৮ শিলচর এবং ১২০নম্বর ধলাই বিধানসভা আসনের মনোনয়ন পত্র উন্নয়ন ভবনে গ্রহন করা হচ্ছে । আগামী ২৩শে মার্চ বিকেল তিনটে পর্য্যন্ত মনোনয়ন পত্র গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার নির্বাচনী আধিকারীক তথা জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে নির্বাচনের দিন ও নির্বাচনের সংশ্লিষ্ট কর্মীদের দায়িত্ব পালনের বিষয়ে কিছু নির্দেশিকা জারী করেছেন । নির্দেশিকায় বলা হয়েছে যে নির্বাচনী কর্তব্য পালন করা একটি সাংবিধানিক দায়িত্ব এবং নির্বাচনের কাজে কোনো ধরনের অবহেলা ,কর্তব্যে গাফিলতি বা আইন সম্মত নির্দেশকে অমান্য করাকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে । পাশাপাশি সংশ্লিষ্ট সার্ভিস কনডাক্ট রুলস অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা , কারন দর্শানোর নোটিশ জারি করে সাময়িক বরখাস্ত করা হতে পারে । জেলা প্রশাসন থেকে জেলার সব বিভাগীয় প্রধানদের নিজেদের বিভাগের অধীনে থাকা সব কর্মীরা যাতে এই নির্দেশ কঠোরভাবে মেনে চলেন , সে বিষয়ে নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

পবিত্র রমজান মাসের শেষে ইসলাম ধর্মালম্বীরা আগামীকাল ঈদ - উল ফিতর পালন করবেন । কেন্দ্রীয় হিলাল কমিটি একথা ঘোষনা করেছে ।

রমজানমাসের একমাসব্যাপী কঠোর ব্রত পালনের পর সমগ্র দেশর সংগে আসাম তথা বরাক উপত্যকায় ও আগামীকাল পবিত্র  ঈদ উল ফিতর পালন করা হবে ।

কাছাড় জেলায় ও এ উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । শিলচর শহরের প্রধান ঈদগাহ ইটখলা ময়দানে ঈদের নামাজ সকাল ৯ টায় অনুষ্ঠিত হবে ।মসজিদ কমিটির পক্ষ থেকে উসমান মজুমদার জানিয়েছেন যে এবার ও ঈদের নামাজ পরিচালনা করবেন শিলচর বড় মসজিদের প্রধান মওলানা সাব্বির আহমেদ লস্কর ।

শিলচর কলেজ রোডের ফেসাই মিয়া ঈদগাহে ঈদের নামাজ সকাল সাড়ে ৮ টায় অনুষ্ঠিত হবে ।

মেহেরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । এদিকে জেলার সোনাবাড়িঘাট নুরুল হক চৌধুরী ঈদগাহ , ধনেহরি , পূর্ব সোনাই কচুদরম বাজার ঈদগাহে প্রায় একই সময়ে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে ।

শ্রীভূমি জেলায় ও ইসলামধর্মা লম্বীদের পবিত্র এই উৎসবকে কেন্দ্রকে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন হয়েছে ।করিমগঞ্জ টাউন ঈদগাহে সকাল ৯ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । নামাজ পরিচালনা করবেন মওলানা   মুফতি মাহবুবুল আলন কাসিমী । অন্যদিকে ঐতিহ্যবাহী শ্রীগৌরী উমরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । নামাজ পরিচালনা করবেন উত্তরপূর্ব ভারতের আমিরে শরীয়ত মওলানা ইউসুফ আলী ।এছাড়া ও জেলার অন্যান্য স্থানের ঈদগাহগুলিতে ও ঈদের নামাজের আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায় ও আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে ।জেলার বিভিন্ন ঈদগাহগুলিতে নামাজের আয়োজন করা হয়েছে ।প্রশাসনের পক্ষ থেকে শান্তিপূর্নভাবে এই উৎসব উদযাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় জাতীয় এইডস নিয়ন্ত্রণ সংস্থা ( নাকো )-র মাধ্যমে এইডস রোগের প্রাদুর্ভাব দূর করতে জেলা ভিত্তিক প্রয়াস শক্তিশালী করে তোলার উদ্দেশ্যে আজ নতুন দিল্লীতে সুরক্ষা সংকল্প কর্মশালা অনুষ্ঠিত করেছে । নাকোর সঞ্চালক প্রধান ডক্টর রাকেশ গুপ্তা এই কর্মশালায় অংশ গ্রহণ করে বলেন যে এইডস বর্তমানে মানব জাতীর স্বাস্থ্য সংক্রান্ত জাতীয় প্রত্যাহ্বান হয়ে দাড়িয়েছে ফলে এর নিয়ন্ত্রণে পর্যবেক্ষণ ও উদ্ভাবনের জন্য সরকারের সার্বিক ব্যবস্থা গ্রহণ করার

প্রয়োজনীয়তা রয়েছে । একই সঙ্গে ডক্টর গুপ্তা ২০২৭ সালে বিশ্ব এইডস দিবসে এই মারণ ব্যাধিকে নিয়ন্ত্রিত ঘোষণা করার প্রতিশ্রুতিবদ্ধতার কথাকে স্মরণ করিয়ে দিয়ে এ সম্পর্কে একটি রোড ম্যাপের সূচনা করেন ।

-----------------------------------------------------------------------------------------